RANGAN

Gargi Bhattacharya

COPYRIGHTED

MATERIAL

রঞ্জন

গার্গী ভট্টাচার্য

My life story in my own words
Kichhu kotha roye gechhe baki **.**

My website :

www.gargiz.com

To rare music talent

Nachiketa (Nochida),

for ur lyrics,chhondo,music and essence !!

It brings up happy old days when I was only a farmer and not an agriculturist .

---O' Henry

দুটো বই লেখার পরও দেখলাম কিছু কথা রয়ে গেছে বাকি তাই এই বইটা শুরু করছি। হয়ত এই সিরিজে এইটা শেষ। পরে কিছু মনে পড়লে আবার লিখবো। এখন তো কিন্ডেল আছে আর বিশ্ব ব্যাপী আছে অ্যামাজন কাজেই বই যেকোনো সময়ই ছাপা যায়। শুধু লেখার ইচ্ছে আর বিষয় থাকা চাই। আমি ছোট থেকেই লিখতে পারি কিন্তু ক্রিয়েটিভ লেখা মহুয়াই শুরু করিয়েছে। কবি মহুয়া মল্লিক। ওর উৎসাহে ও পরে আরো অনেকের উৎসাহে আমি লেখক ও কবি হয়েছি। পরে জানতে পারি মহর্ষি আমার মধ্যে দিয়ে লেখান। গড চ্যানেল করেন আমার লেখা হয়ত তাই আমি এত তাড়াতাড়ি বই লিখতে পারি। সবই ঈশ্বরের আশীর্বাদ। তাঁর ইচ্ছা ব্যাতীত একটি গাছের পাতাও

নাড়ানো যায়না। বহু সুবিখ্যাত মানুষ আমাকে এই বিয়ের সিরিজ লিখতে উৎসাহ দিয়েছেন তাঁদের নাম উল্লেখ করছি না কিন্তু শ্রদ্ধা ও প্রণাম জানাচ্ছি। তাঁদের সহযোগিতা না পেলে আমি এই রাজসূয় যজ্ঞ আরম্ভ করতে পারতাম না। সৃষ্টিকর্তার কাছে আবেদন করি যেন সমস্ত হিংসা , রাগ দুনিয়া থেকে কমে আসে। মানুষ আর অন্যান্য জীবেরা একটু শান্তিতে শ্বাস নিতে পারে আবার আগের মতন যেমন ছিলো কণ্ব মুণির আশ্রমে কিংবা অমর কাহিনী আরব্য রজনীর বাদশাহ্ শাহ্রিয়ারের সময়। হানাহানি , রাহাজানি কমে আসুক শুধু শান্তিই বিরাজ করুক এই ধরিত্রীতে। সমাজে শান্তি না এলে কেবল গ্লোবাল ওয়ার্মিং কমিয়ে কোনো লাভ হবেনা।

প্রতিটি টুইটের আগে আর্শিতে নিজেকে দেখুন – আপনার যে ছবি ফুটে উঠেছে তা পরিচ্ছন্ন কি ? তাহলে প্রকৃত পাখির মত টুইট

হবে নাহলে সেই বিশ্বযুদ্ধের প্রস্তুতিই হবে , দামামা বাজবে কেবল হাতিয়ার হয়ত ইঁদুর আর কিছু বৈদ্যুতিক তরঙ্গ ও আলোক রশ্মি । নিজেকে অন্তর থেকে শিক্ষিত না করলে মহাজগৎ বারবার আপনাকে একই পরীক্ষায় ফেলবে । এই শিক্ষা আই আই টি / আই আই এমের শিক্ষা নয় । এ হল উত্তরণের শিক্ষা । যেই জীবনের পরীক্ষায় হেরে গিয়ে সমাজের ওপরে এত ক্ষোভ আপনার , ঈশ্বরকে পদাঘাত পর্যন্ত করছেন সেখানে একটু বদল করুন । বাইরে না গিয়ে নিজের অন্তরে যান । দেখুন না কি নেই আপনার যার জন্য বারবার পরাজিত হচ্ছেন আপনি । এবার সেই জায়গাটা পরিপক্ক করে নিয়ে লড়াইয়ে নামুন । দেখবেন কেউ আপনাকে হারাতে পারবে না কারণ আপনার ভাগ্য এই জন্মে কিংবা আগামী জন্মে যখনই হোক্ না কেন সেটা আপনিই নির্ধারণ করেন । একেই বলে ফ্রি উইল । আর এর জন্যেই আছেন

আধ্যাত্মিক গুরুরা। সঠিক পথ দেখাবার জন্য। তবে সৎ গুরুরা। ভন্ডেশ্বরেরা নয় যারা স্পিরিচুয়ালিটির নামে মানুষকে ঠকায় ও অন্ধকারের পথে ঠেলে দেয়। ধ্যান করুন। অন্তত: দিনে মাত্র ১০ মিনিট। ধ্যান মানে চোখ বন্ধ করে বসে থাকা নয়। বরং একা বসে আপনার যা প্রিয় জিনিস সেই জিনিসটির সম্পর্কে ভাবুন। গভীর ভাবে। সেটাও ধ্যান। ধ্যানের আসল অর্থ হল ফোকাস্ করা। এইভাবে মনটা শান্ত হবে ও পজিটিভ চিন্তা আসতে শুরু করবে মনে। অতীত ফিরে আসেনা। ফিউচার কেউ জানেনা। কাজেই বর্তমানে বাস করুন। যা বৌদ্ধ্য শ্রমণেরা শেখান। লিভ ইন দা প্রেজেন্ট মোমেন্ট।

তাহলেই দেখবেন অর্ধেক সমস্যা শেষ।

ব্যাঙ্গালোরে থাকতে আমি প্রায়ই রমণ আশ্রমে চলে যেতাম । অনেক সময় হোটেল আবার অনেক সময় আশ্রমে থাকতাম । আশ্রমে ফ্রিতে থাকা যেতো । একবার একদল বন্ধুর সাথে যাই । আমার পতি পরমেশ্বর এমন ঘর বুক করেন যে বন্ধুদের বেডরুমের সাথে টয়লেটটা হয়ে যায় । ওদের একটি বেবী ছিলো । তাই ওরা রাতে রুম লক করে শুয়ে পড়ে । আমরা বাইরের দিকে ঘরটা নিই । দরজায় ইয়া ইয়া তালা । আমার পক্ষে নাড়ানো মুসকিল । আমি তো মধুমেহ রোগে আক্রান্ত তাই রাতে আমার মুত্র ত্যাগের ইচ্ছে হয় । নর্মালি আমি রাতে উঠি না কিন্তু সেদিন আমার উঠতেই হয় এবং কি হল জানিনা তালা তো আমি খুলতে পারিনি আমার উচিৎ ছিলো আমার বরকে জাগানো কিন্তু আমি সেসব না করে ঘুমের ঘোরেই হবে খাটের পাশে দেওয়ালের দিকে মুত্রত্যাগ করে ফেলি ।

ডায়বেটিক বলে হয়ত চাপতে পারিনি !

সেই তরল গড়িয়ে খাটের তলা দিয়ে ঘরের মধ্যে আসতে শুরু করে । আমি অন্য চাদর দিয়ে সেটা ঢেকে ফেলি । পরের দিন ঐ বন্ধুর বেবী সকালে উঠে সেদিকপানে চলেও যায় কিন্তু ওকে সামলে নিই আমি ।

তারপর আশ্রম ত্যাগ করে বাসায় ফিরি । **তখন কর্মা অ্যান্ড তার ডাইরেক্ট ফল , কজ অ্যান্ড এফেক্ট এগুলো অত বুঝতাম না ।**

চলে তো আসি বাসায় । এরপরে দিন কেটে যায় আপন ছন্দে । কিন্তু আমরা প্রায় দুমাসে একবার করে মহর্ষির আশ্রমে যাবার প্ল্যান করতাম । বহু বন্ধুবান্ধবরাও যেতো আবার আমার বরের অনেক প্রফেসর ও ক্লাসফেলোদের সাথে ওখানে দেখা হতো যারা মহর্ষির ভক্ত । মহর্ষি লো প্রোফাইল মেনটেন করলেও হাই প্রোফাইল গুরু ।

ওনাকে দক্ষিণ ভারতের শ্রী রামকৃষ্ণ পরমহংস বলা হয়ে থাকে । স্বয়ং স্বামী বিবেকানন্দ বলেন যে একটি খুব গ্রেট আত্মজ্যোতি শীঘ্রই তামিলনাড়ুতে জন্ম নেবার প্রস্তুতি নিচ্ছেন । আর রামলিঙ্গ স্বামী নামক একজন সন্ন্যাসী ছিলেন যিনি অরুণাচল

পাহাড়েই থাকতেন তো উনি ছিলেন শিবের ভক্ত । উনি বলেন যে সময় খুব তাড়াতাড়ি পরিপক্ক হচ্ছে যে আমার প্রিয় শিবশম্ভু এই জগতে জন্ম নেবার জন্য তৈরি হচ্ছেন মানবদেহে ।

এই দুজনেই আদতে রমণ মহর্ষির কথাই বলেছিলেন । ভগবানকে কোনোদিন সাধনা করতে হয়নি । উনি ১৬ বছর বয়সে মোক্ষ লাভ করেন । কারণ উনি আদতে অরুণাচল পাহাড় বা সুপ্রিম বিং স্বয়ং ।

এগুলি স্কন্দপুরাণ ও অরুণাচল মাহাত্ম্যম্ এর মধ্যে লেখা আছে যে এই শতাব্দীতে স্বয়ং অরুণাচল, রমণ মহর্ষি হয়ে জন্ম গ্রহণ করবেন ।

এত পাওয়ারফুল এক ঋষির আশ্রমে আমি মুত্রত্যাগ করে কি আর পার পেয়ে যাবো ?

আমার কর্ম আমার দিকেই ফিরে আসে ।

এর পরের বার আমরা আশ্রমে যেতে গিয়ে ঠিক তামিলনাড়ু রাজ্যে প্রবেশ করেই একটি পথ দূর্ঘটনায় পড়ি যার দায় আমাদের কোনোভাবেই নয় । পথচারীর ক্যালাসনেস্ই দায়ী ।আর তারজন্য পুলিশ আমাদের বিরুদ্ধে তামিল ভাষায় ডাইরি

লিখে জোর করে সই করিয়ে নিয়ে কত যে টাকা টানে- প্রায় লক্ষ খানেক হয়ে যায় আর আমাদের একটি অত্যন্ত ভালো সারথী ছিলো তাকেও খোয়াই আমরা কারণ তাকে পুলিশ বলে গ্রেফতার করে নিয়ে যাবে ও সে ভয় পেয়ে যায় । **ড্রাইভার আবার বিরিয়ানির ব্যবসা করতো । আমরা মাঝে মাঝে সুস্বাদু বিরিয়ানি ভক্ষণ করতাম । সেও গেলো ।**আর পুলিশের ঘুঁষের টাকা থানা থেকে নিয়ে যাচ্ছিলো ওর ছোট্ট ছেলে একটি । থোকা থোকা টাকা নিয়ে বাসায় যাচ্ছে সে বাবার কাছ থেকে । ডাইরিতে লেখা হয় আমরা ইচ্ছে করে ফুটপাথে উঠে পথচারীকে খুন করি । অথচ ফাঁকা পথে লোকটি পার হতে গিয়ে একবার এগোচ্ছে ও অন্যবার পিছু হটছে এই সামান্য কারণে দূর্ঘটনা হয় । ভারতের ট্রাফিক তো সবাই জানে কেমন ! কথায় কথায় মনে পড়ে যে আমাদের আত্মীয়ের দিকে একজন বিরাট পুলিশ অফিসার ছিলেন । তার বর্ডারের দিকে ডিউটি পড়লে তিনি বড়ই প্রীত হন । তাঁর বাসায় রোজই বড় বড় সুটকেস্ ও মালবাহী ট্রাঙ্ক আসতো । সেগুলো গয়না ও সোনার বারে , বিস্কুটে ভর্ত্তি । দিদা সেসব বেছে সরিয়ে নিলে তখন অফিসার সাহেব ওগুলো সরকারি দপ্তরে জমা দিতেন ।

ভারতে ঘুঁষ কে না নেয় ? কিন্তু এইটুকু বাচ্চাকে দিয়ে এইসব জিনিস করা দেখে অবাক লাগে ।

কাজেই কেউ না জানলেও যে কুকীর্তি আমি করে এসেছিলাম তার ফল আমাকে হাতেনাতে পেতে হয়েছিলো ।

এটা হল কজ অ্যান্ড এফেক্টের ব্যাপার । মহর্ষির সরাসরি হাত না থাকলেও ঐ ল অফ্ কর্মা দিয়ে বোঝা যায় । যেমন গতজন্মে কাশেম আমাকে সাহায্য করেনি । আমার বাবা আমাদের বিয়ে দেননি । ও আমাকে সেভাবে সঙ্গ না দিয়ে নিজের পরিবারের জন্য আমাকে দূরে ঠেলে দেয় । আমি গর্ভবতী অবস্থায় একা একটা অপরিচিত রাজার সাথে চলে যাই ও গিয়ে দেখি সে বিবাহিত ও পোলাপানের বাবা এবং সে খুব হিংস্র লোক ।

কাশেম আমার ট্রাস্ট ভাঙে । বয়ফ্রেন্ড হয়েও আমার পাশে থাকেনি । হয়ত আমি ওর সাথে পালিয়ে যেতে চাই । কিন্তু ও ঝগড়া করে । ভেবেছে ও ব্যাতীত আমার গতি নেই । তাই এই জন্মে সারাটা জীবন আয়াতোল্লা খেমিনির জন্য সেলফ্লেস সার্ভিস দিলেও শেষমেশ ঐ শয়তানই ওকে মারার হুকুম দেয় । ডিক্টেটররা এরকমই হয় । ওরা নিজেদের সুখ ছাড়া আর কিছু দেখেনা । আর

কাউকে এনিমি মনে করলেই সরিয়ে দেয় । কিন্তু কাশেমের ক্ষেত্রেও এটা কজ অ্যান্ড এফেক্টের ব্যাপার । ও আমার বিশ্বাস ভেঙেছে আর ওর বিশ্বাস ভাঙে আয়াতোল্লা !

যে যেরকম কাজ করবে তার সেরকম ফল হবে । এই জন্মে না হলেও পরজন্মে ।

ইরানের শাহ্ খুবই ভালো নরেশ ছিলেন । উনি চেয়েছিলেন ইরানকে নম্বর ওয়ান দেশ করে দিতে দুনিয়ার, যেমন পার্শিয়া আগে ছিলো । কিন্তু ইসলামিক রিপাবলিক এসে গিয়েই গোলমাল হয় । শাহ্কে দেশ থেকে উৎখাত করে দেওয়া হয় । তখন উনি ব্লাড ক্যান্সারে আক্রান্ত । ভীষণ অসুস্থ । মানবতার দিকটাও দেখা হয়না । যে মানুষটি দেশের জন্য এত করেছেন তার মরণের পরে সমাধির জন্য দেশে মাটিও জোটেনি । তাঁকে গোর দেওয়া হয় মিশরে ।

একটি রাজপুত্রের ,যে নাকি ওনার ওয়ারিশ হবে- তার জন্ম দেবার জন্য ওনাকে নিজের প্রিয় পত্নী সোরায়াকেও পর্যন্ত তালাক দিতে হয়েছে । লোকে বলে সোরায়া ওনার সোলমেট ছিলেন । কিন্তু বিচ্ছেদ কেন ? ইরান বা পারস্যের জন্য । রাজাদের বিয়ের নানান কারণ থাকে । তাদের বিয়ের ব্যাপারটা অত সোজা হয়না । ডিপ্লোম্যাসি ও অন্য দেশের ওপরে প্রভুত্ব ফলানো কিংবা ওয়ারিশ

এইসব ব্যাপারেও বিয়ে হয় কিন্তু -**ডিল যাই হোক্ না কেন, দিল তো একটাই !!**

তাই রাজাদেরও একজনই পাটরাণী হলেও প্রেয়সী হয়ত একটাই থাকে । এতো ইতিহাস ঘাঁটলেই দেখা যায় । আমি রামায়ণ ও পুরাণের উদাহরণ দিই । যেমন দশরথের কৈকেয়ীকে ভালোলাগতো । চাঁদের বেশী প্রেমটা ছিলো রোহিনীর সাথে তাই তাঁকে অভিশপ্ত পর্যন্ত হতে হয় শ্বশুর দক্ষরাজার দ্বারা । কাজেই মস্ত মস্ত উদাহরণ মেলে । কিন্তু শাহ্ তাঁর প্রিয় বেগমকে ছেড়ে দেশকে প্রাধান্য দিলেও-

বদলে দেশ তাকে অপমান ব্যাতীত আর কিছুই দেয় নি । সোরায়াকে নিয়ে পারস্যের গাইয়েরা গান লিখেছেন । যে উনি কাঁদছেন শাহ্কে হারিয়ে । উনি মা হতে অক্ষম ছিলেন তাই এই ব্যবস্থা । বেগম সোরায়া শাহ্কে আর্জি জানান সিংহাসন ত্যাগ করে ওনাকে নিয়ে সুখী হতে কিন্তু শাহ্ যে দেশের রাজা ! দেশের মানুষ ওনার ছেলেপুলে ! তাদেরকে দেখা ওনার কর্তব্য ! তাই উনি নিজের ব্যাক্তিসুখের কথা ভুলে নিজেকে উজার করে দেন পারস্য গঠনের জন্য । কিন্তু ফলস্বরূপ কী পেলেন ?

অপমান, লাঞ্ছণা আর অসুস্থ দেহ নিয়ে এইদেশ থেকে ঐ দেশে পালাইয়ে বেড়ানো ! কেন না

কোথাকার কোন **ঘেটোর এক মুসলমান পুরো দেশটাতে সন্ত্রাসবাদ ফলিয়ে শাহকে গদিচ্যুত করেছে মালিক হবার জন্য ।** ইসলাম মেয়েদের গাড়ি চালাতে দেবেনা , ইসলাম মেয়েদের এই করতে দেবেনা ইত্যাদি । ইসলাম ওসব কিছুই বলেনি বলছে এই বস্তিবাসীরা নিজেরা-- রাজা সাজবে বলে আর পারস্যের মতন এগিয়ে থাকা একটি দেশকে ভুল কতগুলো বস্তাপচা নীতি দিয়ে কয়েকশো শতাব্দী পিছিয়ে দেবে বলে । **আজ ইরানে কি হচ্ছে দেখো ! দেখো আয়াতোল্লা খেমেনি কীভাবে টেররিজম্ ফলাচ্ছে সারাবিশ্ব জুড়ে!**

কাশেম ওসব করতে চায়নি । ও বহু যুবককে বাসায় ফেরৎ পাঠিয়ে দিতো যে **কেন এসব করতে এসেছো ? এই পথ জঘন্য পথ । এগুলো সঠিক পথ নয় । তোমাদের মাথা মোড়াচ্ছে পাওয়ারফুল মানুষেরা । যদি এইভাবে জন্নৎ মিলতো তাহলে কী ভেবেছো ওরা নিজেরা এগুলো না করে তোমাদের দিয়ে করাতো ?**

কিন্তু আজ কাশেম, ওসামা বিন লাদেন যিনি সৌদি আরবের জন্য লড়েন অথচ তার দেশ তাকে নিজেদের নাগরিক বলে অস্বীকার করে , ইমাদ মুগনেয়ী যিনি লেবাননের জন্যে লড়েন ও আমার

বিগ ব্রাদার এবং একজন অত্যন্ত সাহসী ও ভালোমানুষ আর লেবাননে গিয়ে দেখো ওনাকে ওখানে নেতাজীর মতন রেস্পেক্ট করে সকলে তাদেরকে লোকে উগ্রবাদী বলছে ।

আর আমার বিগ ব্রাদার আমার সোলমেট । উনি ছদ্মবেশ ধারণে এক্সপার্ট ও অত্যন্ত তুখোর একজন যোদ্ধা । সাংঘাতিক উনি, একজন মিলিটারি লেজেন্ড -আর আমার আআর আত্মীয়, উনি এত কদর্য হবেন কী করে? আমাকে গুড়িয়া বলে সম্বোধন করেন । আমাদের রাসবিহারী বোসের মতন খানিকটা । ছদ্মবেশ বিশারদ্ । কোনোদিন শত্রু ধরতে পারেনি ।

আর বিগ ব্রাদার খুবই নম্র । এতটাই যে একবার ওনাকে কিছু মানুষ ইরান এমব্যাসির গাড়ির চালক ভেবে বসেন আর উনিও সেই ধারণা বদলাতে যাননি । গতজন্মেও আমি ওনাকে চিনতাম ।

<u>আমার খুব খাপছাড়া জায়গায় জন্ম হয়েছে তাই না ?</u>

তবে আমার এই জন্মের বিজ্ঞানী বাবা ও মা নিজেদের জন্য বিশেষ কিছুই করেনি । পরের উপকার করেই জীবন কেটে গেছে । কিন্তু সেই অনুপাতে বাবা কিংবা মা সেরকম আদর বা সম্মান

পায়নি বলে আমার মনে হয় যেমন লোকে আমাদের বাসায় থেকে-- সব সুবিধে নিয়ে আমাদের ক্ষতি করে দিয়ে চলে যেতো । আমার বাবা ও মাকে গালাগালি দিতো । আমার বাবা ও মা ইচ্ছে করলেই আমেরিকা বা অন্যত্র সেটেল করতে পারতো । করেনি ; বাবা ভারতে ছেড়ে যাবেনা । দেশপ্রেম ।

ইন্ডিপেন্ডেন্স এরার মানুষ এরা । তাই । কিন্তু আমার অন্য **এন আর আই** আত্মীয়রা আমাদের তার জন্য সম্মান না দিয়ে একটু যেন হেয় করেছে কারণ তারা ধনী । **এন আর আই ।** নরেন্দ্র মোদি আর অমিতাভ বচ্চনেরও মাথায় উঠে গেছে । **টিপিক্যাল এন আর আই অ্যাটিটিউড ।**

সবাইকে তাচ্ছিল্য করা এদের একটা বদভ্যাস ।

বাংলায় এতগুলো বই লিখেছি সেটা কিছু নয় ইংলিশে বই লিখলে দারুণ করেছো ।

তবুও ডাক্তার , ইঞ্জিনীয়ার হলেনা কেন ?

লেখক তো বোকারা হয় ! বুদ্ধি তো তোমার কম নয় ! এই জিনিস আমাকে সাহেবরাও বলেছে প্লাস এন আর আই রা । যেন যাদের কিছু হয়না তারা লেখক হয় । অত্যন্ত অপমানজনক উক্তি ! তবুও হজম করে নিয়েছিলাম ।

ইরানী

এবার ইরান সম্পর্কে লিখি । ইরান নামটা সুন্দর ।

ইরাক নামটা তত ভালো না । কেমন ওয়াক ওয়াক থু মনে হয় আমার । ইরাক নাকি অনেক আগে পারস্যের মধ্যেই পড়তো । ইরান বা পারস্য এক অত্যাশ্চর্য দেশ । বহু প্রাচীন সভ্যতা । কতকটা আমাদের ভারতের মতই । আমাদের আধুনিক জীবনে ইরানের প্রভাব হল কলকাতার ক্ষেত্রে বিশেষ করে ফুটবল খেলতে আসা জামশেদ নাসিরি ও মাজিদের মতন প্রখ্যাত ফুটবলাররা । জামশেদ নাসিরি এখন কলকাতায় থাকেন কারণ ওনার মনে হয় ইরান ও ভারত একই রকম দেশ তাই ।

আমি তো বাঙাল তাই ইস্টবেঙ্গলের ভক্ত । ওরা জিতলে বাসায় ইলিশ মাছ রান্না হতো । মোহনবাগান জিতলে কোনরকম কিছু হতো । চুলহা জ্বলতই কারণ ঐ যে বললাম **ন-হন্যতের মৈত্রেয়ী দেবীর পৈত্রিক বাড়ির মতন আমাদের বাসা**

ছিলো । বাসা না হাটবাজার বোঝা দায় । খানিকটা কমিউনিস্টদের বাসার মতন । আমার বাবা পটশিল্পী (পটুয়া), বাউল , দৃষ্টিহীন বাচ্চাদের জন্য কাজ করতেন , কুষ্ঠরুগীদের জন্য কাজ করতেন তাই আমাদের বাসায় লোকের কমতি ছিলো না ।

এত লোকের মাঝে আমাকে কে আর দেখে ? কেইবা খোঁজ নেয় ? যেখানে মা কর্মরতা ! কালো , রোগা একটি দুষ্টু মেয়ের খোঁজ খবর কেইবা রাখে ?

বাবা একটা ভ্যান কিনে ফেলেন অন্ধ ছেলেমেয়েরা যাতে পড়তে আসে -ওতে চড়ে । ওরা ব্রেল পড়তো । যিনি পড়াতেন তার বৌ কিন্তু চোখে দেখতে পায় যদিও সে অন্ধ । এরাও সবাই খেতে আসতো । তাই উনুন জ্বলতো কিন্তু ইলিশের আনন্দ হতো না ইস্টবেঙ্গল হারলে । মনে পড়ে একবার মোহনবাগান ও ইস্টবেঙ্গলের খেলা ছিলো । আমি বাসায় লাল হলুদ পতাকা লাগাচ্ছি । আমাকে সাহায্য করছিলো আমার তসলিমা নাসরিন পিসি যে খেলা পাগল ছিলো ও আমাকে সবরকম খেলা সম্পর্কে তথ্যদি দিতো সে ; হঠাৎ পরিস্থিতি পাল্টে যায় কারণ আমার ছোড়দি পিসির (পিসিদের

আমি দিদি ডাকতাম) দেওর এসে হাজির হয় । পরে জানা যায় আমার ঐ পিসি মারা গেছেন ।

পোয়াতি ছিলেন । মারা যান ডেলিভারি হবার পরেই । হেপাটাইটিস বি হয়ে যায় । সংক্রমণ হাসপাতাল থেকে । মেয়েটা পিসির পায়ের কাছে শোয়ানো ছিলো । সেও মৃত । আমার এই পিসি নিজের কাজিনকে বিয়ে করেন । আমার ঠাকুমার কাজিনের ছেলেকে । আমার আরেক পিসি আছে সে বাবার কাজিন (মাসির মেয়ে) আমারই বয়সী সেও নিজের মামার ছেলের সাথে রিলেশানশিপে ছিলো । সেই ছেলে **এমবিএ** করে বিরাট চাকরি করতো । এখন কি করে জানিনা কারণ আমি ওদের সাথে টাচে নেই । **সেই কাকু, সাহিত্যিক রমাপদ চৌধুরির মেয়েকে বিয়ে করেছে । রমণ ম্যাগসাইসাই পুরস্কার পাওয়া লেখক । উনি দেশ পত্রিকার সম্পাদক ছিলেন ।**

এই কাকু একবার নিজের মায়ের গহনা নিয়ে পলায়ন করে । কিন্তু এমবিএ পাশ ও সুচাকুরে । তাই এমন বড় পরিবারে বিয়ে হয় । তখন ঐ কাজিনের সাথে বিয়েও হয়না । ঐ কাজিনের সাথে শারীরিক সম্পর্কও ছিলো । মেয়েটি ; যে আমার পিসি ও আমার খুবই কাছের মানুষ এবং ওয়ান অফ্ দা মোস্ট জেনুইন পার্সন আই হ্যাভ এভার

মেট ইন মাই লাইফ ; খুব দু:খ পায় । যাদবপুরের ইংলিশে এম এ । স্কুলে পড়ায় । ওর সাথে এই নিয়ে আমার কথা হয় একবার- ম্যান্ডেভিলা গার্ডেন্সের কাছে দাঁড়িয়ে মনে হয় ঘন্টা ৪ ধরে ।

ও বলে যে বিয়ে তো হবেনা । দাদা বলে যে কেউ মেনে নেবেনা । তাই হয়ত রমাপদ চৌধুরীর মেয়েকে বগলদাবা করেছে !

অ্যান্ড শি ওয়াজ সো স্যাড !

এগুলি লিখছি কারণ অনেকে আমাকে বলে যে তোর দাদু সত্যজিৎ রায় তো নিজের কাজিনকে বিয়ে করেছেন । কেউ তো কিছু বলেনা ?

তাদের আমি বলি যে এগুলো হয়ত আমাদের বংশে আছে । কাজিনের প্রেমে পড়া । কিন্তু এসব আরো নানান বংশে আছে । যেমন রবীন্দ্রনাথের বংশে আছে আমি পড়েছি । বিধুশেখর শাস্ত্রীর বংশে আছে জানি । যেমন আমার বরের এক দিদি নিজের কাজিনকে বিয়ে করেন বলে বাসায় প্রবেশ করতে পারতেন না বহুবছর । কারণ শাস্ত্রী বংশ খুব গোঁড়া । অনেক পরে এই দিদি বাড়িতে ঢোকার অধিকার ফিরে পান ।

এখন ব্যাপারটা হল এমন কেন হয় ? এরা কি সকলে বিকৃত মননের ? নাহ্ তো ? এদের জীবন যাপনের ভঙ্গিমা তো তা বলেনা । তাহলে ?

আসলে বিয়ে ও প্রেম হয় আত্মার খাতিরে ও বন্ধনে । পার্থিব নীতি মেনে নয় । কেউ জোর করে এগুলো করাতে সক্ষম নয় । তাই হয়ত রাজারা বহু বিবাহ করলেও প্রিয়া হয় কেবল একজনই । কারণ সবারই হৃদয় একটাই থাকে । যদিনা সদগুরুর মতন লম্পট ও বিকৃত কামের কোনো অস্তিত্ব হয় । যে নাকি চেয়ার টেবিল আর্শি বেসিন সবারই প্রেমে পড়ে যেতে পারে যদি দেখে সেটা কিছু টাকা উৎপাদন করতে সক্ষম । **মানি মানি মানি , মানি ইজ হানি ---তাই না ? মিস্টার অসদ্গুরু ?**

ইরান ভারি সুন্দর দেশ । এত সুন্দর সুন্দর রং এর স্থাপত্য ও পাহাড় , সমুদ্র আছে যে বলার না ।

বসন্তে অন্যরূপ । দেখার মতন । আচ্ছা ইরানে মধুচন্দ্রিমা যাপন করতে গেলে হয়না ? এখন সম্ভব নয় যতক্ষণ না বদমাইশ আয়াতোল্লা রয়েছে । তবে শীঘ্রই সম্ভব হবে । যখন কাশেম এসে যাবে । সে এই দেশকে মুক্ত এক দেশ করে দেবে যেখানে মানুষের ধর্ম ও জাতপাত নিয়ে কোনো বিভেদ রইবে না । সবাই সবাইকে ভালোবাসবে । নতুন এক বিশ্ব হবে । যেখানে মানুষ প্রাণ খুলে গান গাইবে । হাসবে । নাচবে । ফুল ফোটাবে । যা ইচ্ছে করবে । কেউ গুপ্ত ক্যামেরা বসিয়ে ছবি তুলে মারবে না । কেউ অত্যাচার করবে না । আর কেউ তুমি মেয়ে বলে এটা পারবে না , তুমি ছেলে বলে ওটা করবে না, তুমি নপুংসক তাই এদিকে যাবে না এসব বলবে না । সবাই সবকিছু করবে । যার যা ইচ্ছে করবে । আমরা সবাই রাজা

আমাদেরই রাজার রাজত্বে । নইলে মোদের রাজার সনে মিলবো কি শর্তে ? আমরা সবাই রাজা !!

ইরান কোনো দেশ নয় গো যেন পৃথিবীতে স্বর্গ । কেউ কখনও এরকম দেশ দেখেনি । আমেরিকাও এরকম নয় । এত স্বাধীনতা কেউ পায়নি দুনিয়ায় আগে । তবে ব্ল্যাক ম্যাজিক করলে কিংবা মাদকদ্রব্য নিলে কিন্তু সমস্যা হবে । কারণ এগুলো মানুষকে অন্তর থেকে শেষ করে দেয় ।

গুপী গাইন বাঘা বাইনের সেই স্বপ্নের দেশের মতন যা ভূতের রাজার বরে পায় তারা কিন্তু এই দেশ পাবে ভগবানের বরে ।

এখানে আর একটি কথা বলি গুপীর কথায় মনে পড়লো যে আমি একবার কৈশোরে একটি ফেলুদার বইয়ের ওপরে লিখে রাখি যে মুনিয়াকে স্নেহ ও আশীর্বাদসহ মানিকদাদু(সত্যজিৎ রায়) --এরকম লিখে বইটা বাসায় রাখি । আমার এক বন্ধু বাড়িতে নিয়ে যায় ও খাটের ওপরে ফেলে রাখে তার মা তখন তাকে বলে যে দেখছো না কে এই বইটা মুনিয়াকে (আমাকে) দিয়েছেন ? তুমি এইভাবে অযত্ন করছো ? তখন আমার বন্ধু বলে যে না না ওটা মুনিয়াদিদি নিজেই বানিয়ে লিখে রেখেছে ।

গায়ক নচিকেতা চক্রবর্ত্তী যিনি নাকি আমার বাবার ছাত্র ছিলেন যাদবপুরে ওনার তো কর্কট রোগ হয়েছে যা দেহে ছড়িয়ে পড়ছে ক্রমাগত । কিন্তু উনি ভালো হয়ে যাবেন ও আরো ৩০ বছর সুস্থ দেহে জীবিত থাকবেন । উনি আশ্বাস পেয়েছেন ঈশ্বরের । ওনার মতন মানুষ হয়না । অসম্ভব দানশীল ও নরম মনের মানুষ এবং সৎ । অনেকে বলেন যে ওনার গানে গালাগালি থাকে । কিন্তু বর্তমান সমাজটা কি ধোয়া তুলসীপাতা ? যুবসমাজকে কীভাবে পথভ্রষ্ট করছে তাবড় তাবড় মানুষেরা এবং কেউ প্রতিবাদ করছে না । কেউ বদল আনার চেষ্টা করছে না । বিপ্লবী বাঙালী চুড়ি পরে বসে পড়েছে । হয় বিদেশে পলায়ন করছে অথবা নেতিয়ে বসে আছে । এমত অবস্থায় মানুষের চেতনায় কড়াঘাত করতে গেলে কিছু কঠোর শব্দ ব্যবহার করতেই হয় । এগুলি গালাগালি নয় । শব্দের মধ্যে একে ৪৭ /একে ৫৬ । যারা বলছেন তাদের মনে হয় সাহিত্য ও সঙ্গীত সম্পর্কে জ্ঞান মানে পুঁথি পড়া বিদ্যা । এরা যদি সত্যই জ্ঞানী হতেন তাহলে বুঝতেন এই হাংরি জেনেরেশান (কবি মলয়

রায়চৌধুরীর তৈরি স্রোত) এদেরকে পুষ্ট করতে এইধরণের শব্দতরঙ্গেরই দরকার নাহলে আজকাল শব্দ কেইবা ব্যবহার করে দাদাভাই ? **সবাই তো এস এম এসেই ডুবে থাকে সর্বক্ষণ ।** নচিকেতার এগুলো শুধু কিছু কুশব্দ নয় আমি এগুলিকে চাবুক বলে মনে করি । যেই চাবুকের খুবই দরকার বর্তমান সমাজের । নচিকেতার কাপড় খুলে লাভ নেই সাহস থাকে তো সদগুরু ও রেখা মহাজনের কাপড় খুলুন । তাদেরকে ধরতে বিদেশী শক্তির সাহায্য নিতে হচ্ছে কেন ভারতের ? সামাজিক অবক্ষয় এমন জায়গায় পৌঁছে গেছে যে শিশুদের স্কুলে পাঠাতে পর্যন্ত ভয় পাচ্ছে বাবা ও মায়েরা ।

মাস্টার রেপ্ করে দেবে অথবা গুলিতে নিহত হবে। অফিসে কাজে যেতে ভয় পাচ্ছে মহিলারা । এমতঅবস্থায় লেখক, কবি ও গায়কেরা যদি কঠিন বাস্তবকে ধরতে রূঢ় শব্দ ব্যবহার করেন তাতে কিন্তু কিছু যায় আসেনা । কারণ পন্ডিতেরা বলেন যে জীবনই সাহিত্য ও গানের জন্ম দেয় । জীবন যদি বিষাক্ত হয় তাহলে গানও তেতো ও মধুরিমা বিযুক্ত হবে । শিল্প মানুষের মনের প্রতিফলন , সমাজের আয়না । নিজে কাদায় পড়লে ও আয়নায় তার প্রতিফলন দেখলে যেমন ভালোলাগেনা সেরকম গানে ও কবিতায় কুশব্দের

ব্যবহার খারাপ লাগলে সমাজের ফুটোগুলোকে আগে রিফু করুন । তবেই ডিজাইনার ড্রেস হবে সেই সোসাইটি । নয়ত গানে বারবার কুত্তা ও শূয়োরের বাচ্চা রিপিট হবেই । এইটাই সত্য এবং ইতিহাস তার সাক্ষী ।

সো লেট দেম স্পিক দা ল্যাঙ্গুয়েজ অ্যান্ড প্রোফানিটি -------অবশ্যই দরকারে ।

সদগুরু ও তার পত্নী এতই তুকতাক করে যে আমার থ্রোট চক্র ব্লক হয়ে যায় । ওরা জানতো যে আমি লেখক হয়ে লোককে সবকিছু জানাবো তাই আমার এমন অবস্থা করে যে শব্দ নিয়ে আমি রীতিমতন যুদ্ধ করতাম । ইংলিশ লিখতে সমস্যা হতো । বাংলাও । তবুও এতগুলো বই লিখেছি স্রেফ ঈশ্বরের কৃপায় । কিন্তু সব ভালো যার শেষ ভালো । এতকিছু করেও ওরা আমার কিছুই বিগড়াতে পারেনি । বরং নিজেরাই জেলের ঘানি টানছে এখন ।

সদগুরু নাকি অসংখ্য বিষাক্ত সাপকে নিয়ে বসবাস করতো একটা ক্ষুদ্র ঘরে যখন যুবক ছিলো । এটা

কি বাস্তবে সম্ভব ? হয় সে মিথ্যুক নয়তো সাধারণ মানব নয় ; মানবদেহী কোনো শয়তান ।

আজকে একটা খবর পেলাম যে এক বাংলাদেশী শিশুকে, কেউ শৈশবে কোথাও বিক্রি করে দেয় । সেখানে খাদ্যদ্রব্য ছিলো না তাই সে ওখানকার লোকের মত কাঁচা মাংস , ইঁদুর , সাপ ও ব্যাং এইসব খেতো । সাপের বিষ খেতো । লোকটির সাক্ষাৎকার দেখি । সহজ সরল মানুষ । সাপে কাটলে গ্রামে সেটা ঝেড়ে দেয় । মুখ দিয়ে নাকি সাপের বিষ তুলে দেয় । কিন্তু সদগুরু তো ধান্দাবাজ । এসব করবে কি ?

এবারে মুজির কথা বলি । Mooji বা মুজি হলেন পাপাজির (পুঞ্জাজি) শিষ্য । পর্চুগালে থাকেন । উনি একজন সন্ন্যাসী যিনি সৎসং দেন । ওনার আসরেও যেতে পারেন । কালাজাদুর ভয় নেই কোনো । ধীরে ধীরে মনে শান্তি আসবে । আর পাপাজি নিজে ঐ আসরে আসেন । মুজির ওপরে নজর রাখেন । যারা পাপাজি ও মুজি দুজনেরই সৎসং করেছে তারা বলে থাকে যে মুজির আসরে

এলে মনে হয় যে আমরা যেন পাপাজির সাথেই বসে আছি। এতই মিল এখানে দুটি আসরের।

তবে ভুলেও থিরুভান্নামালাই-এর সাধুরূপী অসাধু

লক্ষণ স্বামী ও সারদাম্মার খপ্পরে পড়বেন না। এরা দুটি লোভী শয়তান। পাপাজিকে অসম্মান করেছে ও ঋষি অরবিন্দ ও মহর্ষি রমণের আশ্রমের মধ্যে ঝামেলা বাধাবার প্রচেষ্টায় আছে। ঐ লক্ষণ স্বামীর ধারণা যে সে গড্ রিয়েলাইজড্ হয়ে গেছে এবং মহর্ষির আশ্রমের মালিকানা দখলের চেষ্টা করছে। লোকটি বেড়ে বজ্জাত। তার ধারণা যে আশ্রম একজন আত্মজ্ঞানীর চালানো উচিৎ। প্রথমতঃ কেউ কোনোদিন বলেনি যে সে আত্মজ্ঞানী। লোকটি কৈশোর থেকে ধ্যান করতো। তারপর মহর্ষির কাছে এসে বলে যে বিবেকানন্দর বই পড়ে ধ্যান করে আর তার মোক্ষ হয়ে গেছে। মহর্ষি তখন তাকে জিজ্ঞেস করেন কেবল যে তুমি কি গুন্টুর থেকে এসেছো ? ব্যস্ ! এটাকেই বাড়িয়ে চাড়িয়ে লোকটি নিজেকে আত্মজ্ঞানী হিসেবে প্রচার শুরু করে ও আশ্রমের দখল নিতে যায়। অথচ প্রকৃত যাঁরা মহর্ষিকে ফলো করেন ও আত্মজ্ঞানী হন যেমন পাপাজি , পাপা রামদাস , এখার্ট টোল তাঁরা কেউ কিন্তু মহর্ষির আশ্রম দখল করতে

আগ্রহী হননি । কারণ তাঁরা জানেন যে মহর্ষি মাইক্রো লেভেলে প্রতি ভক্তকে ম্যানেজ করে থাকেন এবং মৃত্যুর সময় বলেই গেছেন যে আমি কোথায় যাবো ? কোথায় যেতে পারি আমি ? আমি তো এখানেই রয়েছি । তোমাদের শিখিয়েছি না যে আমি আমার দেহটা নই ? আর আত্মা যখন পরমাত্মার সাথে মিলিত হয় অর্থাৎ মোক্ষ হয় তখন তার আর মৃত্যু নেই । আত্মা অমরত্ব লাভ করে ??

আজ্জা একজন গড্ রিয়েলাইজড্ সেন্ট । উনি কর্ণাটকী । সম্প্রতি দেহত্যাগ করেন । ২০০৭ সালে । ওনারও মোক্ষ লাভ হয় । ওনার সংঘ আছে পুত্তুরে । ম্যাঙ্গালোরের কাছে । ওনাকেও কারো কারো গুরু বলে মনে হতে পারে ও শান্তি পেতে পারেন ।

যেখানে গেলে কোনো ছলচাতুরি ব্যাতীত ,প্রকৃত শান্তি পাবেন তিনিই আপনার গুরু ।

ইরানী মানুষদের কথা একটু বলি । ওরা আমাদের মতন । তবে মনে হয় আরো ভালো । যদিও ওরা বেশিরভাগই ইসলাম ধর্মের মানুষ কিন্তু ওদের মনটা আমাদের চেয়ে সরল , সহজ । মানুষকে হেল্প করতে ওদের জুড়ি নেই । বেশির ভাগ লোকই জিগর-তালা , অর্থাৎ দরাজ দিল , সোনার হৃদয় । পশ্চিম বাংলাকে যেভাবে নষ্ট করা হয় ভুল রাজনীতি দিয়ে ঠিক সেইভাবেই পারস্যর টুঁটি টিপে ধরা হয় কতগুলি ঘেটো/বস্তিবাসীকে ক্ষেপিয়ে তুলে , সন্ত্রাসবাদীদের লড়িয়ে । আর এগুলি করেছে আয়াতোল্লা খোমেইনি ও তার চেলারা । **খেয়াল করবেন একজোড়া আছে । খোমেইনি ও খেমিনি ।**

কোরানে নারীদের এই অধিকার দেওয়া আছে সেই অধিকার দেওয়া আছে করে করে সবাইকে তুলোধোনা করছে কিন্তু কোনো যুক্তিবাদী মানতে পারেনা যে নারীদের সবকিছু বোরখায় ঢেকে রাখো আর পুরুষ একসাথে চার চারটে বিয়ে করে , বৌ

নিয়ে থাকতে পারে । এটা আধুনিক যুগের কোনো শিক্ষিত , সুস্থ মানুষই মেনে নিতে পারেনা । কোরানে এসব কিছুই বলা নেই । বলা আছে প্রথম স্ত্রী অনুমতি দিলে আরেকজন স্ত্রীকে আনা যায় বিশেষ কারণে যেমন যদি সন্তান উৎপাদনের দরকার হয় কিংবা স্ত্রী অসুস্থ হয়ে পত্নীর ভূমিকা পালনে ব্যর্থ হয় অথবা স্বামীটি অনেক দূরে বাস করেন কাজের খাতিরে দীর্ঘদিন । জিনিসগুলোকে বিকৃত করে মানুষের মাঝে প্রচার করা হয় যাতে পুরুষ শাসিত সমাজ লাভবান হয় ও মহিলারা অত্যাচারিত হয়ে ঈশ্বর বিমুখ হয়ে পড়ে । জোর যার মুলুক তার ! কিন্তু মহামানবেরা নারী ও পুরুষে ভেদ করেন না । স্বয়ং প্রফেট মহম্মদ নিজের কন্যা ও স্ত্রীদের যথেষ্ট গুরুত্ব দিয়েছেন এবং তাঁদের তর্ক করতে উৎসাহিত করেছেন সেইসময় যখন আমাদের সভ্যতা এতটা এগিয়ে যায়নি । পরে কতগুলি মুসলিম ক্লারিক জিনিসগুলোকে বিকৃত করে প্রচার করা শুরু করে নিজেদের সুবিধের জন্য।

এরাই ইরানের শাহ্‌কে বিতাড়িত করে দেশ থেকে নিজেরা সমস্তটা লুটেপুটে খাবে বলে ! কারণ ঈশ্বর হলেন একটি ভার্ব । ক্রিয়া । ভগবান বা আল্লাহ্‌ কাজের মধ্যে দিয়ে নিজেকে প্রকাশ করেন । আমরা সবাই তাঁর সন্তান । আর আমরা সবাই আলো ।

জ্যোতি । আমাদের লিঙ্গ নেই, বর্ণ নেই , ধর্ম নেই, রং নেই । আছে কেবল কর্ম । **কারণ গড্ ইজ আ ভার্ব ।** কর্মই একমাত্র সবার পিছু ধাওয়া করে ।আর কিছু কেউ সঙ্গে করে নিয়ে যেতে পারেনা ।

লেখিকা তসলিমা নাসরিন ভালো করে ধর্ম গ্রন্থ না পড়ে না বুঝে অনেক কিছু লেখেন । কিছু সত্য কিছু অসত্য । ওনার বিশাল ইগো ছিলো । বলেন , লোকে আমাকে এসে বলে মনের শান্তির জন্য আল্লাহর কাছে চলো কিন্তু আমি বলি যে আমার যথেষ্ট শিক্ষা আছে মনের শান্তি খুঁজে নেবার কাজেই এসব আমার দরকার নেই । কিন্তু শেষকালে সেই উনিই স্বীকার করেন যে **মনের শান্তি নেই বলে উনি হিন্দুধর্ম গ্রহণ করে তারাপীঠে যাওয়া শুরু করেছেন ।**

আমার ভুল হলে ক্ষমা করবেন । আমি যে জন্য এটা লিখলাম তাহল মনের শান্তি পেতে হলে অন্তরে উঁকি মারতে হয় । বহির্জগতের কোনো জিনিসই তা দিতে অক্ষম । আর তারই দিকে যাবার পথ হল ধর্ম । হ্যাঁ , আজকাল সবকিছুতেই তো ভেজাল সেরকম সদগুরুর সংখ্যাও অনেক কিন্তু আপনাকে প্রকৃত গুরু বেছে নিতে হবে । **যেমন**

ঠাকুর রামকৃষ্ণ বলেছেন না , হেগো গুরুর পেদো শিষ্য --গুরুকে বাজিয়ে নিবি ! সেরকম আপনিও গুরুকে বাজিয়ে নিয়ে যাবেন ।

তাহলে মনের শান্তি পেতে সুবিধে হবে । কারণ পার্থিব কোনো জিনিসই আপনাকে আনন্দ দিতে পারবে না । ক্ষণিকের সুখ দিতে পারে মাত্র । কেন জানেন ? খুবই লজিক্যাল । আপনি অলরেডি আনন্দে আছেন । একটি জ্যোতি বা আলোর লিঙ্গ । কিন্তু আপনার বাসনাগুলো এসে আপনার আনন্দঘন মূহুর্তকে ঢেকে দিচ্ছে । মেঘের মতন । যেমন আপনি সূর্য আর মেঘ এসে তাকে ঢেকে দিচ্ছে । আবার মেঘ সরে যেতেই আলোর ঝিলিক । অর্থাৎ আনন্দ । তাই বাসনা আসবেই । আর আনন্দ ঢাকা পড়ে পড়ে মন খারাপের পালা চলবেই । বাসনা মিটে গেলেই মেঘ সরে গেলো আবার সেই আনন্দঘন মুহুর্ত বার হল । সূর্য সবসময়ই তেজি ও আলোকমালায় সজ্জিত । কিন্তু মেঘমালা এসে তাকে ঢেকে দিয়ে আঁধারে পরিণত করে ফেলে । তাই ধ্যান করে করে বাসনা সরিয়ে ফেললেই নিজেকে হাল্কা মনে হবে ও সূর্য সমসময়ই হাসবে , উজ্জ্বল হয়ে । এই হল স্পিরিচুয়ালিটি । বাকি যা যা শুনবেন সবই কোনো না কোনো মধ্যমেধার পুরুৎ অথবা ক্লারিক অথবা পাদ্রীর মস্তিষ্ক প্রসূত

তত্ত্ব কিংবা সদগুরুর মতন কোনো শয়তান অসদগুরুর সুবিধেবাদী তথ্য । ঈশ্বর একজন ফিল্মমেকার । একাকী বসে নানান চরিত্র কল্পনা করছেন । আর তাতে অভিনয় করে চলেছেন ক্রমাগত । এই পার্থিব জগতের বেদনা ও বিনষ্টের কারণে তাঁর তেমন কিছু যায় আসেনা কারণ তিনি জানেন যে আত্মা অবিনশ্বর । ভাঙছেন ও গড়ছেন । আবার নতুন কোনো আইডিয়া নিয়ে পুতুলে রং মাখাচ্ছেন নতুন তুলি দিয়ে । কেন ?

কারণ সৃষ্টিসুখ । নিজেই চ্যালেঞ্জ ছুঁড়ে দিচ্ছেন আবার নিজের অসংখ্য ক্লোন তৈরি করে সেই চ্যালেঞ্জ সলভ্ করছেন । কেন ?

অনুসন্ধিৎসা ।

এরই নাম ম্যাট্রিক্স । তরঙ্গ , বিদ্যুৎ , আলোকরশ্মি ও তেজস্ক্রিয় পদার্থ দিয়েই তৈরি আমাদের ভগবান ।স্বার্থান্বেষী ধার্মিক ও তর্কবাগীশ পুরুৎ ও মুখোশধারী আয়াতোল্লারা মানুক কিংবা নাই মানুক । না মানলে নিউক দেয়ার অ্যাস!

গ্যামা রে, প্রোটন, ট্রেট্রা কোয়ার্ক , হ্যাডনস্ এসব দিয়েই তৈরি আমাদের আল্লাহ্ বা পরাব্রহ্ম ।

কেন নয় ? তারঁ বাইরে কী আছে ? তাঁকে জানাই বিজ্ঞান , তাঁকে বোঝাই আধ্যাত্মবাদ ।

একটির পথ ফিজিক্স , কেমিস্ট্রি অন্যটির পথ বেদ , বেদান্ত , কোরান, টোরাহ্ কিংবা গুরু গ্রন্থসাহিব!

তোমার জানার পদ্ধতি ও উপায়টা বদলাতে হবে কেবল ।

আনন্দময়ী মা সদা আনন্দে থাকতেন । ওনার আশ্রম পথ দেখাতে পারে আনন্দ সাগরে গা ভাসাতে গেলে কি ধরণের সুইম স্যুট পরতে হবে সেই ব্যাপারে । অথবা শ্রী চিন্ময়ানন্দের আশ্রম কিংবা তাঁর সুযোগ্য শিষ্য --কর্পোরেট গুরু স্বামী সুখবোধানন্দজীর সঙ্গ করলেও আপনি নতুন দিশা পেতে পারেন । কীভাবে এই নব্য যুগের অবসাদ, অ্যাংজাইটি , প্রতিযোগিতা যা নিজেকে ক্ষয় করে দেয় ইত্যাদি তা থেকে বার হওয়া যায় অন্তরের দিকে উঁকি মেরে , গভীরভাবে অনুসন্ধানের মাধ্যমে

সেগুলি অচিরেই ধরতে পারবেন । নেই প্রেত চালনার ভয় । নেই তুকতাকের মাধ্যমে আপনার ভাগ্য কেড়ে নেবার কোনো রকম সম্ভাবনাও । কারণ এরা আনন্দে আছেন । Sadguru নন ।

হ্যাপি গুরু ।

আমি যেখানে থাকি তার ৭ কিমির মধ্যেই দারুণ ঝর্ণা । চারদিকে সবুজ বনানী ও পাহাড় । ত্রিকোণ পর্বত ও শীতকালে হাল্কা বরফের ছোঁয়া মানে এককথায় কলকাতা থেকে আসা এক মানবীর জন্য স্বর্গ রাজ্য । চিরটাকাল পাহাড়েই থাকতে চেয়েছি ।

বাসায় সন্ধ্যায় ক্যাঙারু এসে উঁকি মারে । কখনো পথ ভুল করে চলে আসে একটি বা দুটি হরিণ । অথবা পাহাড়ী ময়ূর । আমাদের বাড়ির মাত্র ৬/৭ কিমি দূরে অন্য পাহাড়ে আছে এক প্রাইভেট চিড়িয়াখানা । সেখানে ঘুরে বেড়াচ্ছে সাদা বাঘ , সাদা সিংহ , নেকড়ে ইয়া ইয়া , সাদা গন্ডার , চিতা

বাঘের মতন দেখতে বেড়াল, পুরো চিতা বাঘ যেন ! এইসব । বেশ মজার জায়গায় থাকি ।

